গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) এম.এ/এম.এস.এস/এম.এস.সি কোর্সে কোটা মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯.০৯.২০২৪ খ্রি. এর বিজ্ঞপ্তি অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চট্টগ্রাম কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) এম.এ/এম.এস.এস/এম.এস.সি কোর্সে কোটা মেধা তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হবে।

ভর্তির জন্য শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা:

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.ac.bd.admissions) ওয়েবসাইটে applicant Login অপশন থেকে Masters Preli. (REGULAR) Applicant Login করে অনলাইনে পূরণকৃত চূড়ান্ত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে

২। ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আগামী ২৯.০৯.২০২৪ খ্রি. তারিখ থেকে http://ctgcollege.eshiksabd.com লিংকে গিয়ে চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরম পূরণপূর্বক ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

৩। ভর্তি ফরমে উল্লিখিত ভর্তি ফি উপায়/রকেট/নগদ/বিকাশ অ্যাপস এর মাধ্যমে ২৯.০৯.২০২৪ খ্রি. হতে ৩০.০৯.২০২৪ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।

৪। ভর্তি ফি পরিশোধ সফল হলে প্রাপ্ত ডিজিটাল রশিদের ৩ (তিন) টি কপি ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

৫। ভর্তি ফি জমাদান পূর্বক স্ব স্ব বিভাগে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দেওয়ার মাধ্যমে ভর্তি সম্পন্ন করতে হবে:
* জাতীয় বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত আবেদন ফরম ও চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরমের হার্ডকপি
* দ্বৈত ভর্তির নাই মর্মে অঙ্গীকার নামা
* ভর্তি ফি পরিশোধের মাধ্যমে প্রাপ্ত ডিজিটাল রশিদের ৩ (তিন) কপি
* কোটার স্বপক্ষে মূল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্টস।

৬। উপরোল্লিখিত কাগজপত্র যাচাই বাছাইয়ের জন্য আগামী ২৬.০৯.২০২৪ খ্রি প্রশাসনিক ভবনের ২য় তলায় শিক্ষক পরিষদে সকাল ১০.০০টা থেকে বেলা ১১.০০টার মধ্যে যোগাযোগ করতে হবে।

৭। কোটার কাগজপত্র যাচাই স্বাপেক্ষে স্ব স্ব বিভাগে জমা দেওয়ার তারিখ: ৩০.০৯.২০২৪ তারিখ।

৮। কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রমে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে, অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল হবে।

৯। ভর্তি ফি এর পরিমাণ:

এম.এ / এম.এস.এস ৪৩০০/- (চার হাজার তিনশত টাকা), এম.এসসি ৪৫৭০/-(চার হাজার পাঁচশত সত্তর টাকা)।
(অমুসলিম শিক্ষার্থীদের ৫০/-(পঞ্চাশ) টাকা কম জমা দিতে হবে)

সংশ্লিষ্ট বিভাগের করণীয়:

১। ভর্তি ফির পরিমান এবং শিক্ষার্থীর প্রদানকৃত উপরোল্লিখিত সকল কাগজপত্র যাচাইপূর্বক ৩০.০৯.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০.০০টা থেকে দুপুর ১.০০টার মধ্যে জমা গ্রহণ।

২। বিভাগ কর্তৃক ভর্তি ফরম নিশ্চয়নের পর কমিটির নিকট জমাদানের শেষ তারিখ: ০২.০৯.২০২৪ খ্রি.

প্রতি স্বাক্ষর:

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)
আইডি নম্বর : ০০০০৮৫২৮
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(জেসমিন ফাতেমা চৌধুরী)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি
ও
আহ্বায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি-২০২১-২০২২
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

অনুলিপি:

১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
২। সকল বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
৩। ক্যাশিয়ার, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
৪। অফিস নথি।